

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০০৮.২০১৬-২৪৩

তারিখ: ০৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

প্রেরক:

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: ২০২১ সালের জন্য আইসেস্কোর চাঁদা প্রদান।

সূত্র: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের স্মারক নং-৩৭.১৮.০০০০.০০৯.৯১.০০১.২১-৭, তারিখ: ২২/০১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব বাজেটে আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা খাতে বরাদ্দকৃত অর্থ হতে Islamic World Educational, Scientific and Cultural Organisation (ISESCO) এর বার্ষিক চাঁদা বাবদ \$১,৩৭,০০১.৫১ (এক লক্ষ সাতত্রিশ হাজার এক দশমিক একান্ন) মার্কিন ডলারের সমপরিমাণ ১,১৬,২৭,৩১৮.১৫ (এক কোটি ষোল লক্ষ সাতাশ হাজার তিনশত আঠার টাকা পনের পঁয়সা) টাকা মঞ্জুরি জ্ঞাপনে সরকার সম্মত হয়েছে।

২। এ ব্যয় চলতি ২০২১-২০২২ অর্থবছরের পরিচালন বাজেটে ১২৫০১০১-১২৭০১০৭০১-৩২১১১১২-আন্তর্জাতিক প্রতিষ্ঠান আইসেস্কোর চাঁদা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে মিটানো হবে।

৩। উক্ত \$১,৩৭,০০১.৫১ (এক লক্ষ সাতত্রিশ হাজার এক দশমিক একান্ন) মার্কিন ডলার সমপরিমাণ (১৩৭০০১.৫১ x ৮৪.৮৭)=১,১৬,২৭,৩১৮.১৫ (এক কোটি ষোল লক্ষ সাতাশ হাজার তিনশত আঠার টাকা পনের পঁয়সা) টাকা আইসেস্কোর হিসাব নং-Arab Bank PLC MOROCCO, SWIFT: ARABMAMC Account No: 002810000522150121253017 Intermediary bank data: Wells Fargo Bank NA (New York International Branch), Account correspondent: 2000193006540, Swift Code: PNBUS3NNYC (in US\$) এবং Arab Bank PLC MOROCCO, SWIFT: ARABMAMC Account No: 0028100005221-50117454303 Intermediary bank data: deutsch Bank AG 60262 Frankfurt AM Main Germany, Account Correspondent:10095561840000, Swift Code: DEUTDEFF (in EURO) বরাবরে স্থানান্তরিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক-এর বৈদেশিক মুদ্রা বিভাগের মহা-ব্যবস্থাপকের অনুকূলে অর্থটি প্রদানের জন্য অনুরোধ করা হ'ল।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।

০৪১/

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১২২০৫

Email: moebudgetsection@gmail.com

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০০৮.২০১৬-২৪৩

০৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ : ১৮ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ২। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দুতাবাস, রাবাত, মরক্কো (পররাষ্ট্র মন্ত্রণালয়ের কূটনৈতিক থলে যোগে)।
- ৩। মহাব্যবস্থাপক, Forex Reserve and Treasury Management (FRTM), বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব